# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে প্রয়োজনে দ্বিতীয় প্রকার সালাতের বিবরণ

## ذِكْرُ النَّوْعِ الثَّانِي مِنْ صَلَاةِ الْخَوْفِ عَلَى حَسَبِ الْحَاجَةِ إِلَيْهَا ـ

---

আরবী

2862 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْأَزْهَرِ قَالَ: حَدَّثنا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ قَالَ: حَدَّثَنَا أَبِي عَنِ ابْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ جَعْفَرِ بْنِ الزُّبَيْرِ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ بِذَاتِ الرِّقَاعِ قَالَتْ: فَصدَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ النَّاسُ صَدْعَيْنِ فصفَّت طَائِفَةٌ وَرَاءَهُ وَقَامَتْ طَائِفَةٌ وِجَاهَ الْعَدُوّ قَالَتْ: فَكَبَّرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَبَّرَت الطَّائِفَةُ الَّذِينَ صَفُّوا خَلْفَهُ ثم ركع وَرَكَعُوا ثُمَّ سَجَدَ وَسَجَدُوا ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَرَفَعُوا ثُمَّ مَكَثَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَالِسًا وَسَجَدُوا لِأَنْفُسِهِمِ السَّجْدَةَ الثَّانِيَةَ ثُمَّ قَامُوا فَنَكَصُوا عَلَى أَعْقَابِهِمْ ـ يَمْشُونَ الْقَهْقَرَى ـ حَتَّى قَامُوا مِنْ وَرَائِهِمْ وَأَقْبَلَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَصَفُّوا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فكبَّروا ثُمَّ رَكَعُوا لِأَنْفُسِهِمْ ثُمَّ سَجَدَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ السَّجْدَةَ الثَّانِيَةَ فَسَجَدُوا مَعَهُ ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ رَكْعَتِهِ وَسَجَدُوا لِأَنْفُسِهِمِ السَّجْدَةَ الثَّانِيَةَ ثُمَّ قَامَتِ الطَّائِفَتَانِ جَمِيعًا فَصَفُّوا خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَكَعَ بِهِمْ رَكْعَةً وَرَكَعُوا جَمِيعًا ثُمَّ سَجَدَ فَسَجَدُوا جَمِيعًا ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَرَفَعُوا مَعَهُ كُلُّ ذَلِكَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَرِيعًا جِدًّا لَا يَأْلُو أَنْ يُخَفِّفَ مَا اسْتَطَاعَ ثُمَّ سلَّم رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَلَّمُوا ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قد شَرِكَهُ النَّاس في صلاته كلها.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2862 | خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود)) (1131).

বাংলা

২৮৬২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যাতুর রিকাতে ভীতিকালীন সালাত আদায় করেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদেরকে দুইভাগে ভাগ করেন। এক কাতার তাঁর পিছনে দাঁড়ান আরেক কাতার শত্রুর মুখোমুখি দাঁড়ান।

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকবীর দেন এবং তাঁর পিছনের কাতারের সাহাবীগণও তাকবীর দেন। তারপর তিনি রুকূ' করেন, তারাও রুকূ' করেন। অতঃপর তিনি সাজদা করেন, তারাও সাজদা করেন। তারপর তিনি মাথা উত্তোলন করেন, তারাও মাথা উত্তোলন করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসে অবস্থান করেন। তাঁর পিছনের সাহাবীগণ বাকী আরেক সাজদা করেন। তারপর তারা দাঁড়ান এবং পিছনে সরে আসেন এবং পিছনের কাতারের লোকদের জায়গায় দাঁড়ান। পিছনের কাতারের সাহাবীগণ সামনে আসেন এবং তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে কাতারবন্দি হন। তারা তাকবীর দেন এবং রুকূ' করেন।  তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্বিতীয় সাজদা করেন। তারাও তাঁর সাথে সাজদা করেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেই রাকা'আত থেকে দাঁড়ান। আর সাহাবীগণ বাকী আরেক সাজদা করেন। তারপর দলের সবাই দাঁড়ান। তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে দাঁড়ান। তিনি তাদের নিয়ে রুকূ' করেন, তারাও রুকূ' করেন। তারপর তিনি সাজদা করেন, তারাও সাজদা করেন। তারপর তিনি সাজদা থেকে মাথা উত্তোলন করেন। তারাও মাথা উত্তোলন করেন।  রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এসব কাজগুলি খুবই দ্রুত সম্পাদিত হয়। তিনি সাধ্যমত হালকা করতে পরওয়া করতেন না। তারপর তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফেরান। তারাও সালাম ফেরান। তারপর তিনি দাঁড়ান। তাঁর পুরো সালাতেই সাহাবীগণ শরীক ছিলেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৬৩; সুনান বাইহাকী: ৩/২৬৫; মুসনাদ আহমাদ: ৬/২৭৫; হাকিম: ১/৩৩৬-৩৩৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92192

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন